ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

২৮ বর্ষ ২১তম সংখ্যা | ১৬ অগ্রহায়ণ ১৪২১, ৩০ নভেম্বর ২০১৪

১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনা স্মরণে অক্টোবর স্মৃতি ভবন প্রাঙ্গণে গত ২৯ নভেম্বর ২০১৪ 'স্মৃতি অক্টোবর' স্মারক স্তম্ভ উদ্বোধন করা হয়েছে। এই স্মারক স্তম্ভের উদ্বোধন করেন প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। স্মারক স্তম্ভ উদ্বোধনের পর স্মারক ফলকে উপাচার্য পুষ্প অর্পন করেন।

জগন্নাথ হলে 'স্মৃতি অক্টোবর' স্মারক স্তম্ভ উদ্বোধন

১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনা স্মরণে অক্টোবর স্মৃতি ভবন প্রাঙ্গণে গত ২৯ নভেম্বর ২০১৪ 'স্মৃতি অক্টোবর' স্মারক স্তম্ভ উদ্বোধন হলো। স্মারক ফলক উন্মোচন করার মাধ্যমে স্মৃতি অক্টোবরের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই স্মৃতি অক্টোবর নির্মাণ করে। উদ্বোধনী অনুষ্ঠানে জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকারের উপস্থিতিতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয় সংসদের সদস্য পঙ্কজ দেবনাথ, ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট্রসিন্ডিকেটের সদস্য এ এস এম বাহালুল মজনুন।

উদ্বোধনী বক্তব্যে অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে এই স্মৃতির মিনার নির্মাণ বাস্তবায়নে এগিয়ে আসায় জগন্নাথ হল অ্যালামনাই অ্যাসেসিয়েশনকে ধন্যবাদ জানান। তিনি বলেন, ১৫ অক্টোবর উদারতা, মানবিকতা, আসাম্প্রদায়িকতার যে সেতুবন্ধন সৃষ্টি হয়েছে, 'স্মৃতি অক্টোবর' তাকে উজ্জীবিত করে রাখবে। জগন্নাথ হলের সাথে মুক্তিযুদ্ধসহ বাংলাদেশের সকল আন্দোলন্ন সংগ্রামের যোগসূত্র বিদ্যমান। যেখানে স্মরণ করতে হবে ইতিহাসঐতিহ্যকে, বিশেষত: ধর্ম নিরপেক্ষতার যে সংহতি তা আমাদের প্রাণশক্তি। এই প্রাণশক্তিকে এই অক্টোবর স্মারক স্মৃতি ধারণ করে আছে। উপাচার্য আরও বলেন, এই স্মৃতি নবীন প্রজন্মকে যেমন স্মরণ করিয়ে দেবে ১৫ অক্টোবরের মর্মান্তিক ঘটনা, তেমনি স্মরণ করিয়ে দেবে ৭১'র সাড়ে সাত কোটি মানুষের কথা, ৩০ লক্ষ মানুষের আত্মাহুতির কথা, ১৫ আগস্টে জাতির জনক বঙ্গবন্ধুর নির্মম হত্যাকাণ্ডের জাতিগত শোকের কথা। এই 'স্মৃতি অক্টোবর' স্মরণ করিয়ে দেবে ষোল কোটি মানুষের তথা ধর্মবর্ণ নির্বিশেষে সকলের একাত্মতায় অভিন্ন মানুষের মিলনের স্থান এই জগন্নাথ হল।



গত ২২ নভেম্বর ২০১৪ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রাক্তন রাষ্ট্রপতি মরহুম এম জিল্লুর রহমানের বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের ওপর রচিত ৫২টি প্রবন্ধ সম্বলিত "কালজয়ী জিল্লুর রহমান" বইয়ের মোড়ক উন্মোচন করেন প্রধান অতিথি হিসাবে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ইউজিসি'র চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী এবং উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উপস্থিত ছিলেন। বইটি সম্পাদনা করেন সাকি আনোয়ার।

বিশ্ব দর্শন দিবস পালিত

মনুষ্যত্বের গুণাবলী থেকে মানুষ আজ অনেক দূরে চলে গেছে– উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, দর্শন মানে দেখা, যে দেখা শুধু চোখের দেখা নয়, বরং মন দিয়ে দেখা এবং গভীরভাবে তা উপলব্ধি করা অর্থাৎ দূরদৃষ্টি সম্পন্ন মানবতাবাদী মানুষ হওয়া। এ দেখার মূল লক্ষ্য হচ্ছে মনুষ্যত্ব অর্জন।

তিনি আরও বলেন, মনুষ্যত্বের গুণাবলী থেকে মানুষ আজ অনেক দূরে চলে গেছে। মানুষ আজ অনৈতিকতা ও সংকীর্ণতায় আক্রান্ত। সমাজে আজ নানা ধরণের সামাজিক অপরাধ চলছে। ছেলে বাবাকে, ভাই ভাইকে, বন্ধু বন্ধুকে হত্যা করছে। এসব অপরাধ, অশান্তি, অরাজকতা, বিশৃঙ্খলা, হানাহানি, মারামারি থেকে মুক্তি পেতে হলে আমাদের নৈতিকতা, সততা, মনুষ্যত্ব, দেশ্ন প্রেম, মূল্যবোধ সর্বোপরি আত্মদর্শনের চর্চা করতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২০ নভেম্বর ২০১৪ 'বিশ্ব দর্শন দিবস' উপলক্ষে টিএসসি মিলনায়তনে ঢাবি দর্শন বিভাগ ও গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্রের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। উল্লেখ্য, ইউনেস্কো ঘোষিত কর্মসূচীর অংশ হিসাবে প্রতি বছর নভেম্বর মাসের তৃতীয় বৃহস্পতিবার দিবসটি উদ্‌যাপন করা হয়।

দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. প্রদীপ কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে 'বিশ্বদর্শন দিবস: প্রেক্ষাপট, প্রত্যাশা, কর্মকৌশল ও অর্জন' শীর্ষক মূল প্রবন্ধ পাঠ করেন দর্শন বিভাগের অধ্যাপক ড. আনিসুজ্জামান। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রোউপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান। এছাড়া, আরও বক্তব্য রাখেন দর্শন বিভাগের প্রবীণ শিক্ষক ও স্বনামধন্য দার্শনিক অধ্যাপক ড. আমিনুল ইসলাম, অধ্যাপক ড. আজিজুন্নাহার ইসলাম এবং

২য় পৃষ্ঠায় দেখুন

সুয়েড-ডিইউ ট্রাস্ট স্বর্ণপদক পেলেন ৫জন শিক্ষার্থী

ঢাবি মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের বিভিন্ন পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় ৫জন শিক্ষার্থী "সুয়েডডিইউ ট্রাস্ট স্বর্ণপদক" এবং ১৮জন শিক্ষার্থী বৃত্তি লাভ করেছেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২৯ নভেম্বর ২০১৪ বিভাগীয় মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতি শিক্ষার্থীদের হাতে স্বর্ণপদক ও বৃত্তির চেক তুলে দেন।

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আমিনুর রহমান মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রোউপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এছাড়া, বিভাগের প্রবীন শিক্ষক অধ্যাপক ড. এস এম ইমামুল হক এবং ট্রাস্টের নির্বাহী পরিচালক অধ্যাপক ড. মো. দিদার উল্লআলম বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মেধার সঙ্গে দেশপ্রেম, মূল্যবোধ ও সততার সংমিশ্রণ ঘটিয়ে যোগ্য নাগরিক হিসাবে গড়ে ওঠার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, স্বাধীনতার সুফল সাধারণ মানুষের কাছে পৌছে দিতে তরুণ প্রজন্মকে আন্তরিকভাবে কাজ করতে হবে।

স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন্ন আফসানা পারভীন (জেবুন্নেছাআলতাফ মেমোরিয়াল গোল্ড মেডেল), হামিম তাবাসসুম প্রভা (জেবুন্নেছাআলতাফ মেমোরিয়াল গোল্ড মেডেল), নাদিয়া নূর (ড. এম ও গনি মেমোরিয়াল গোল্ড মেডেল), খাদিজা তাহেরা খান (শামসুল আরেফিন চৌধুরী গোল্ড মেডেল) এবং উম্মে ফারহানা খুশি (এম এ বাসিত মেমোরিয়াল গোল্ড মেডেল)।

'এম এ বাসিত স্মারক বৃত্তি' প্রাপ্তরা হলেন্ন মোসা. ইতিখানম, মো. বাদশা আলম, মো. মামুন হাওলাদার, মো. বায়োজিদ হোসেন, মো. বেনি আমিন সাদ্দাম, মাইমুনা কাজী, আফরোজা নাসরিন, মো. শারাফত হোসাইন, কাজী মো. জাহাঙ্গীর কবির, পুস্পিতা চৌধুরী ও মো. দেলোয়ার হোসেন। বিভাগের অন্য ৭জন শিক্ষার্থী যথাক্রমে 'ড. এফ আর খান স্মারক বৃত্তি', 'মো. বাহাউদ্দিন চৌধুরী স্মারক বৃত্তি', 'মরিয়ম বেগম খান স্মারক বৃত্তি', 'এস এম ইমামুল

বিবিবিএ'র ২য় বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ বায়োসেফটি এন্ড বায়োসিকিউরিটি এসোসিয়েশন (বিবিবিএ)এর উ দ্যোগে "Bio-safety, Bio-security & Bio-risk Management in Bangladesh" শীর্ষক দিনব্যাপী ২য় বার্ষিক সম্মেলন গত ২৯ নভেম্বর ২০১৪ ঢাবি অণুজীব বিজ্ঞান বিভাগের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন।

বিবিবিএ'র সভাপতি ড. আসাদুলগনির সভাপতিত্বে সম্মেলনে এসকো গ্রুপের চেয়ারম্যান লিম লে ইউ এবং বিবিবিএ'র উপদেষ্টা অধ্যাপক ড. বেনজির আহমেদ বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন আয়োজক কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. রাখহরি সরকার।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বায়োসেফটি ও বায়োসিকিউরিটি গবেষণার ক্ষেত্রে নৈতিক দিকসমূহ অনুসরণের জন্য গবেষক ও বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, গবেষকদের গবেষণা ক্ষেত্রে অনৈতিকতা ও স্বার্থপরতা পরিহার করতে হবে। তিনি বিজ্ঞান গবেষণার নীতিমালা মেনে চলার ওপর গুরুত্বারোপ করে বলেন, গবেষকদের নৈতিকতার সর্বোচ্চ স্তরে পৌঁছাতে হবে। নৈতিকতার অভাবেই ফেসবুকের মাধ্যমে দেশের বিভিন্ন পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হচ্ছে উল্লেখ করে তিনি বলেন, বিজ্ঞানীদের মেধার সঙ্গে নৈতিকতার সংমিশ্রণ ঘটাতে হবে। উপাচার্য বিজ্ঞান শিক্ষা ও গবেষণাকে সাধারণ মানুষের বোধগম্য করে উপস্থাপনের জন্য গবেষকদের প্রতি আহ্বান জানান।

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের বিভিন্ন পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় ৫জন শিক্ষার্থী "সুয়েড-ডিইউ ট্রাস্ট স্বর্ণপদক" এবং ১৮জন শিক্ষার্থী বৃত্তি লাভ করেছেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২৯ নভেম্বর ২০১৪ বিভাগীয় মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কৃতি শিক্ষার্থীদের হাতে স্বর্ণপদক ও বৃত্তির চেক তুলে দেন।

রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের তৃতীয় পুনর্মিলনী অনুষ্ঠিত

"সুবর্ণ স্মৃতির মধুর আনন্দে এসো মিলি মোরা সৃজনী ছন্দে" শ্লোগান নিয়ে হাস্নিগান, কোলাহল, আড্ডা আর আনন্দ্ন বেদনার স্মৃতি রোমন্থনের মধ্য দিয়ে ঢাবি রোকেয়া হল অ্যালামনাই এসাসিয়েশনের তৃতীয় পুনর্মিলনী উৎসব গত ২৮ নভেম্বর ২০১৪ ছাত্রশি ক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পতাকা উত্তোলন ও বেলুন উড়িয়ে দিনব্যাপী পুনর্মিলনী উৎসবের উদ্বোধন করেন। শিক্ষাবিদ অধ্যক্ষ হামিদা আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাবি বাংলা বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান।

উদ্বোধনী পর্বে স্বাগত বক্তব্য রাখেন রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. রওশন আরা ফিরোজ, শুভেচ্ছা বক্তব্য রাখেন রোকেয়া হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নাজমা শাহীন এবং ঢাবি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি রকিবউদ্দীন আহমেদ। ধন্যবাদ জ্ঞাপন করেন রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের মহাসচিব মরিয়ম বেগম। অনুষ্ঠানে সম্মাননা প্রদান করা হয় বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব ও শিক্ষক ফেরদৌসি মজুমদার, সংগঠক আয়েশা খানম এবং সাংবাদিক বেবী মওদুদকে (মরনোত্তর)।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উদ্বোধনী বক্তব্যে পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন

* ২য় পৃষ্ঠায় দেখুন

“নৈতিক চেতনা: ধর্ম ও মতাদর্শ” শীর্ষক বিশেষ বক্তৃতা

অধ্যাপক এ কে নাজমুল করিমের ৩২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় নাজমুল করিম স্টাডি সেন্টারের উদ্যোগে নৈতিক চেতনা: ধর্ম ও মতাদর্শ” শীর্ষক এক বিশেষ বক্তৃতা গত ১৮ নভেম্বর ২০১৪ আর সি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

কেন্দ্রের সভাপতি ও উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাবি বাংলা বিভাগের সুপারনিউমারারি অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক। স্বাগত বক্তব্য দেন কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. নেহাল করিম।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক নৈতিক চেতনায় উদ্বুদ্ধ হয়ে সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালনের জন্য তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, জনগণের ধর্মীয় আদর্শে ভিন্নতা থাকতে পারে, তবে মুক্তিযুদ্ধের অভিন্ন চেতনায় সকলকে এক হতে হবে। উপাচার্য বলেন, শুধু বিদ্যা অর্জন বা তথ্য সংগ্রহের মধ্যে শিক্ষাকে সীমাবদ্ধ রাখলে চলবেনা, শিক্ষার মূল লক্ষ্য মনুষ্যত্বের বিকাশ ঘটানো। তিনি প্রকৃত শিক্ষায় শিক্ষিত ও প্রজ্ঞাবান মানুষ হিসাবে গড়ে ওঠে সমাজের অন্যায় ও অবিচারের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য সকলের প্রতি আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক প্রয়াত অধ্যাপক নাজমুল করিমের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। উল্লেখ্য, অধ্যাপক এ কে নাজমুল করিম ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজ বিজ্ঞান বিভাগের শিক্ষক ছিলেন। তিনি ১৯২২ সালের ১ আগস্ট লক্ষ্মীপুর জেলায় জন্মগ্রহণ করেন এবং ১৯৮২ সালের ১৮ নভেম্বর ইন্তেকাল করেন।

বিশ্ব দর্শন দিবস

১ম পৃষ্ঠার পর

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দর্শন শিক্ষার ওপর গুরুত্বারোপ করে বলেন, দর্শনের সাথে রয়েছে কলা, বিজ্ঞান, ব্যবসাসহ সকল বিষয়ের সম্পৃক্ততা। দর্শনের শিক্ষার্থীদের মাঝে মূল্যবোধ সব সময় জাগ্রত থাকে। তারা সব সময় সততা ও মনুষ্যত্বের সর্বোচ্চ শিখরে অবস্থান করে। তাই জীবনের সকল ক্ষেত্রে দর্শনের শিক্ষা কাজে লাগিয়ে অপরাধমুক্ত সমাজ ব্যবস্থা গড়ে তোলার জন্য উপাচার্য দর্শনের শিক্ষার্থীর প্রতি আহ্বান জানান।

অধ্যাপক ড. আনিসুজ্জামান তাঁর মূল প্রবন্ধে বলেন “দর্শনের অন্যতম লক্ষ্য বিচারবাদী হওয়া, অন্ধ আবেগ বা কেবল সংস্কারের বশে কোনোও কিছু গ্রহণ বা বর্জন না করা, সংস্কার ও ঐতিহ্যের ক্ষেত্রে কেবল নিজের নয় বরং অন্যের অবস্থান থেকেও বিষয়গুলো দেখা, আক্রমণাত্মক নয় বরং সহনশীল হওয়া। নিজের ধর্ম, সংস্কৃতি, দেশ, ভাষা, জাতি, গোষ্ঠী, প্রভৃতির প্রতি মানুষের আকর্ষণ থাকা স্বাভাবিক কিন্তু উগ্র দেশপ্রেম, সাংস্কৃতিক আগ্রাসন, ক্ষুদ্র বা দুর্বল জাতি বা ভাষাসমূহ নিশ্চিহ্ন করার প্রচেষ্টা শান্তিপূর্ণ সহাবস্থান তথা বিশ্বশান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে বড় ধরনের প্রতিবন্ধক।”

রোকেয়া হল অ্যালামনাই

(১ম পৃষ্ঠার পর)

করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে বলেন, মহীয়সী নারী বেগম রোকেয়ার নামে প্রতিষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যবাহী এই হল প্রতিষ্ঠার পর থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা এবং জাতিগতভাবে নারী প্রগতির ক্ষেত্রে বিশেষ অবদান রেখে চলেছে। আজকের এই দিনটি মত বিবিনময় এবং পারস্পরিক অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে সমাজ ও সংস্কৃতি চর্চায় নিজেদের অভিজ্ঞতা বিনিময়ের এক সম্মিলন। এখানেই এর তাৎপর্য। এই পুনর্মিলনীর মাধ্যমে নবীন এবং প্রবীণ শিক্ষার্থীদের মধ্যে মানবিক সম্পর্ক আরও সতেজ ও সচল হবে। উপাচার্য নারীর ক্ষমতায়ন, নারী উন্নয়ন, নারী নেতৃত্ব সৃষ্টিসহ দেশের সামগ্রিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালনের জন্য রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের বর্তমান ও প্রাক্তন ছাত্রীদের প্রতি আহ্বান জানান।

দিনব্যাপী পুনর্মিলনী অনুষ্ঠানে স্মৃতিচারণ, নতুন নির্বাহী কমিটির পরিচিতি পর্ব, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং র‍্যাফেল ড্রএর আয়োজন করা হয়।

বিশিষ্ট সাংবাদিক জগলুল আহমেদ চৌধুরী’র মৃত্যুতে উপাচার্যের শোক

দেশের প্রখ্যাত ও প্রবীণ সাংবাদিক, কলামিস্ট, বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) সাবেক প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক এবং বিশিষ্ট আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক জগলুল আহমেদ চৌধুরীর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, বাংলাদেশের সাংবাদিকতা জগতের এক উজ্জ্বল নক্ষত্র ছিলেন প্রবীণ সাংবাদিক জগলুল আহমেদ চৌধুরী। তিনি দেশের সংবাদপত্র এবং সংবাদ সংস্থায় তাঁর মেধার স্বাক্ষর রেখেছেন। ইলেকট্রনিক মিডিয়াতেও তাঁর মূল্যবান মতামত ব্যক্ত করে বস্তুনিষ্ঠ সাংবাদিকতার মৌলিক ধারণাকে নবীণ সাংবাদিকদের মাঝে ছড়িয়ে দিয়েছেন। তিনি শুধুমাত্র দেশের সমাজ ও রাজনীতির ক্ষেত্রে পেশাদারিত্ব প্রকাশ করেন নি, পাশাপাশি একজন দক্ষ আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষকও ছিলেন।সাংবাদিকতা পেশার উন্নয়ন এবং সাংবাদিকদের অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের জন্য জাতি তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক্সস ন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, সাংবাদিক জগলুল আহমেদ চৌধুরী গত ২৯শে নভেম্বর এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। তিনি সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে রেখে গেছেন।

পরমাণু শক্তি কমিশনের প্রাক্তন চেয়ারম্যান ড. মান্নানের মৃত্যুতে উপাচার্যের শোক

পরমাণু শক্তি কমিশনের প্রাক্তন চেয়ারম্যান ড. এম এ মান্নানের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বাংলাদেশের বিজ্ঞানভিত্তিক জনসমাজ বিনির্মাণের আকাঙ্ক্ষায় ড. মান্নানের বিজ্ঞান চর্চা ছিল নিরলস বস্তুসত ্য সন্ধিৎসু। ভৌত, জীব ও প্রকৌশল ক্ষেত্রে পারমাণবিক বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর মৌলিক ও ব্যবহারিক উন্নয়ন গবেষণা কর্মসূচীর অগ্রগতিতে ড. মান্নানের অবদান অনস্বীকার্য। কৃষি, শিল্প, স্বাস্থ্য ও পরিবেশ ক্ষেত্রে পারমাণবিক শক্তি ও পরমাণু প্রযুক্তি প্রয়োগের ক্ষেত্রে তাঁর পৃষ্ঠপোষকতা স্মরণীয় হয়ে থাকবে।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক্সস ন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য, ড. এম এ মান্নান বৃহস্পতিবার রাতে মৃত্যুবরণ করেন। বাদ জুমা ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিআয় নামাজে জানাজা অনুষ্ঠিত হয়, উপাচার্যসহ বিশ্ববিদ্যালয়ের প্রবীন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী প্রমুখ উক্ত জানাজায় শরীক হন।

ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের কার্যালয় উদ্বোধন

ঢাবি ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের নবনির্মিত কার্যালয় উদ্বোধন করা হয়েছে। গত ১৭ নভেম্বর ২০১৪ বিজনেস স্টাডিজ অনুষদের এমবিএ ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই কার্যালয় উদ্বোধন করেন।

ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মজিব উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রোউপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রোউপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন ও বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দেশের পর্যটন শিল্পের বিকাশে কার্যকর ভূমিকা পালনের জন্য ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, জাতীয় ও আন্তর্জাতিক পর্যটকদের আকৃষ্ট করতে এই বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের আন্তরিকভাবে কাজ করতে হবে। তিনি বলেন, পর্যটন শিক্ষা ও গবেষণার মাধ্যমে এই শিল্পের জন্য দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে হবে। উপাচার্য দেশের পর্যটন শিল্পের উন্নয়নে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান স্মরণ করে বলেন, স্বাধীনতার পর তিনি কক্সবাজারে পর্যটন কেন্দ্র, হোটেল ও মোটেল প্রতিষ্ঠা করেছিলেন। উপাচার্য পর্যটনকে শিক্ষার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসাবে বর্ণনা করেন।

‘বাংলা সাহিত্যের ভবিষ্যৎ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

গত ১৯ নভেম্বর ২০১৪ কলা ভবনে ঢাবি গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্রের উদ্যোগে এক সেমিনার অনুষ্ঠিত হয়। প্রো ভাইস চ্যান্সেলর (শিক্ষা) এবং কেন্দ্রের সভাপতি অধ্যাপক ড. নাসরীন আহমাদের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে ‘বাংলা সাহিত্যের ভবিষ্যৎ’ শীর্ষক প্রবন্ধ পাঠ করেন বাংলা বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক।

মূল প্রবন্ধের উপর আলোচনায় অংশগ্রহণ করেন দর্শন বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. গালিব আহসান খান এবং বাংলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক বেগম আকতার কামাল।

অনুষ্ঠান সঞ্চালনা করেন গোবিন্দ দেব দর্শন গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক লতিফা বেগম।

কালোধোঁয়া নির্গমণ বিষয়ক দিনব্যাপী আন্তর্জাতিক কর্মশালা

ঢাবি রসায়ন বিভাগ এবং যুক্তরাষ্ট্রের স্টেটস ডিপার্টমেন্ট ও আরকাডিস ইউএসএ’র যৌথ উদ্যোগে “Black Carbon Emission from Brick Kilns in Bangladesh” শীর্ষক দিনব্যাপী এক আন্তর্জাতিক কর্মশালা গত ১৬ নভেম্বর ২০১৪ মোকাররম হোসেন খোন্দকার বিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হয়েছে। বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালা উদ্বোধন করেন।

রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরকাডিস ইউএসএ’র ভাইস প্রেসিডেন্ট উজিয়েচ ঝোজুইচ ও ঢাকাস্থ মার্কিন দূতাবাসের স্টেটস ডিপার্টমেন্টের প্রতিনিধি অলিভার গেরাড বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. আব্দুস সালাম স্বাগত বক্তব্য দেন এবং সহযোগী অধ্যাপক ড. মো. আরিফুর রহমান ধন্যবাদ জ্ঞাপন করেন।

বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ দেশের ইটভাটা থেকে দূষিত কালোধোঁয়া নির্গমণ বন্ধে আধুনিক প্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে বলেন, বৈশ্বিক উষ্ণতা ও জলবায়ু পরিবর্তনের জন্য শিল্প কারখানার কালোধোঁয়া অনেকাংশে দায়ী। তাই আমাদের ইট উৎপাদন পদ্ধতিতে পরিবর্তন আনতে হবে। তিনি এক্ষেত্রে সামাজিক সচেতনতা গড়ে তুলতে কার্যকর ভূমিকা পালনের জন্য ছাত্র, শিক্ষক ও গবেষকদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, কর্মশালায় বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের শিক্ষক ও গবেষকগণ অংশগ্রহণ করেন।

আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উদ্‌যাপন

ঢাবি উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগ এবং বাংলাদেশ মহিলা পরিষদের যৌথ উদ্যোগে গত ২৫ নভেম্বর ২০১৪ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ‘আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ’ উদ্‌যাপন শুরু হয়। এ উপলক্ষে পক্ষকালব্যাপী নানা কর্মসূচী গ্রহণ করা হয়। কর্মসূচীর মধ্যে ছিল্ল র‍্যালি, পটগান পরিবেশন, আলোচনা সভা, ছাত্রশি ক্ষক মতবিনিময় প্রভৃতি। গত মঙ্গলবার অপরাজেয় বাংলার পাদদেশে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এসব কর্মসূচীর উদ্বোধন করেন।

উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন তানিয়া হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় সভাপতি আয়শা খানম উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক যৌন হয়রানি, নিপীড়নসহ সহিংসতামুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কোন ধরণের যৌন হয়রানি বা নিপীড়ন বরদাশ্‌ত করা হবে না। ‘যৌন নিপীড়নকারীদের কোনভাবেই ছাড় দেওয়া হবে না’ উল্লেখ করে তিনি বলেন, এ ধরণের অভিযোগে অভিযুক্তদের বিরুদ্ধে ইতোমধ্যেই চাকুরিচ্যুতি, বাধ্যতামূলক ছুটিসহ নানা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উপাচার্য বলেন, দেশের ৫০ ভাগ মানুষ নারী। এই অর্ধেক জনগোষ্ঠীকে পেছনে রেখে দেশের আর্থসামাজিক উন্নয়ন সম্ভব নয়। দেশে নারীর ক্ষমতায়ন ও নারী শিক্ষা ক্ষেত্রে বর্তমান সরকারের নানা সাফল্য তুলে ধরে তিনি বলেন, এই ধারা অব্যাহত রাখতে বর্তমান প্রজন্মকে আন্তরিকভাবে কাজ করতে হবে।

পরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক র‍্যালির নেতৃত্ব দেন।

ঢাবি আন্ত:হল ফুটবল প্রতিযোগিতা গত ২০ নভেম্বর ২০১৪ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে শুরু হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. শেখ শামীমুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এ সময় বিভিন্ন হলের প্রভোস্ট ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রতিবন্ধীদের জন্য “শিখনে সুযোগ সৃষ্টি” শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন

ঢাবি শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)এর অধ্যাপক ড. শারমিন হক এবং সহকারী অধ্যাপক মো. সাইফুল মালেক সম্পাদিত “শিখনে সুযোগ সৃষ্টি” শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসব গত ২৫ নভেম্বর ২০১৪ ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গ্রন্থের মোড়ক উন্মোচন করেন।

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)এর পরিচালক অধ্যাপক মোহাম্মদ জালাল উদ্দীনের সভাপতিত্বে মোড়ক উন্মোচন অনুষ্ঠানে পারকিন্‌স ইন্টারন্যাশনাল এশিয়া প্যাসিফিক অঞ্চলের শিক্ষা বিশেষজ্ঞ ড. নমিতা জেকব ও জেনেভার এক্সিকিউটিভ বোর্ড অব ডিসাবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনালএর সদস্য মনসুর আহমেদ চৌধুরী বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রতিবন্ধীদের শিক্ষণ নির্দেশনা সম্বলিত “শিখনে সুযোগ সৃষ্টি” শীর্ষক গ্রন্থ সম্পাদনার জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি সব ধরণের চ্যালেঞ্জ মোকাবেলা করে সামনে এগিয়ে যাওয়ার জন্য প্রতিবন্ধীদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, আলোকিত মানুষ হওয়ার ক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধকতা কোন বাধা হতে পারে না। তিনি বলেন, শিক্ষার মূল লক্ষ্য সার্টিফিকেট অর্জন নয়। এর মূল লক্ষ্য প্রজ্ঞাবান ও সত্যিকার মানুষ হওয়া। তিনি শিক্ষার বিভিন্ন স্তর তুলে ধরে বলেন, শিক্ষার মূল তাৎপর্য অনুধাবন করতে সকলকে এর গভীর স্তরে প্রবেশ করতে হবে।

উল্লেখ্য, “শিখনে সুযোগ সৃষ্টি” শীর্ষক ২১২ পৃষ্ঠার এ বইয়ের মূল্য নির্ধারণ করা হয়েছে ৪ শ’ টাকা।

গত ১৯ নভেম্বর ২০১৪ বিশ্ব টয়লেট দিবস পালিত হয়। এই উপলক্ষে ঢাকা ইউনিভার্সিটি ফটোগ্রাফিক সোসাইটি (ডিইউপিএস) ১৯ থেকে ২২ নভেম্বর টিএসসিতে চারদিনব্যাপী এক আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করে। প্রদর্শনীটি ১৯ নভেম্বর উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। প্রদর্শনীটি টিএসসিতে ১৯২২ ন ভেম্বর প্রতিদিন সকাল ১০:০০টা থেকে রাত ৮টা পর্যন্ত চলে। এই প্রদর্শনীতে ছিল ঢাকা শহরের উল্লেখযোগ্য কিছু জায়গার টয়লেটগুলোর বর্তমান অবস্থা এবং টয়লেটের অপর্যাপ্ততা নিয়ে মোট ৬০টি আলোকচিত্র। এছাড়া, প্রদর্শনীর প্রথম দিন বিশ্ব টয়লেট দিবস উপলক্ষে বিশেষ কিছু ভিডিও চিত্র প্রদর্শনী করা হয়। প্রদর্শনীটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত ছিল।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী প্রতিনিধিদল

যুক্তরাষ্ট্রের পুষ্টি বিজ্ঞানী ও টাফটস্ বিশ্ববিদ্যালয়, বোস্টনের একাডেমিক অ্যাফেয়ার্স অনুষদের ডিন অধ্যাপক ড. পেট্রিক ওয়েবের নেতৃত্বে দুই সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৩ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলের অপর সদস্য হলেন ইউএসএআইডি, ওয়াসিংটন ডিসি যুক্তরাষ্ট্রের পুষ্টি পরামর্শক ড. মাওরা ম্যাক। এ সময় ঢাবি ইনস্টিটিউট অব নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স-এর অধ্যাপক ড. নাজমা শাহীন এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহের হর্টিকালচার বিভাগের অধ্যাপক বিশিষ্ট কৃষিবিদ ড. এম এ রহিম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশিষ্ট বিষয়াদি বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের টাফটস্ বিশ্ববিদ্যালয়ের মধ্যে পুষ্টি ও কৃষি বিষয়ে যৌথ গবেষণা ও প্রকল্প বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন। এসময় তাঁরা পুষ্টি বিষয়ক সমস্যা নিরূপনে ও তা সমাধানের লক্ষ্যে মাল্টি-ডিসিপ্লিনারি এপ্রোচের ওপর গুরুত্ব দেন। তাঁরা দেশের পুষ্টিগত অবস্থান উন্নয়নে গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন বলে উল্লেখ করেন। এক্ষেত্রে গণমাধ্যম জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে জনগণের পুষ্টকর ও স্বাস্থ্যসম্মত খাবার নির্বাচনে ব্যাপক ভূমিকা রাখতে পারে বলে তাঁরা মত প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ গবেষণা ও প্রকল্প বাস্তবায়ন করায় প্রতিনিধি দলকে ধন্যবাদ জানান। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, বিদ্যমান যৌথ সহযোগিতামূলক কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্র আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে পুষ্টি উন্নয়নে তাৎপর্যপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

যুক্তরাষ্ট্রের পরিবেশ বিশেষজ্ঞদল

যুক্তরাষ্ট্রের বিশিষ্ট পরিবেশ বিশেষজ্ঞ ও আরকাডিস (ARCADIS)-এর ডিপার্টমেন্ট ম্যানেজার ড. উজিয়েচ ঝোজুইচ এর নেতৃত্বে দুই সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৫ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন- বিশিষ্ট পরিবেশ বিশেষজ্ঞ ও কালোধোঁয়া থেকে নমুনা সংগ্রহকারী জিন স্টিফেনসন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ড. আব্দুস সালাম এবং সহযোগী অধ্যাপক ড. মো. আরিফুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা সমসাময়িক আন্তর্জাতিক বিষয়াবলি নিয়ে আলোচনা করেন। বিশেষ করে পরিবেশ, বায়ুদূষণ, জলবায়ু পরিবর্তন ও মানুষের জীবনে বিশেষত উন্নয়নশীল বিশ্বে এর ক্ষতিকর প্রভাবের বিভিন্ন দিক আলোচনায় গুরুত্ব পায়। প্রতিনিধিরা ঢাবি রসায়ন বিভাগের সাথে আরও ঘনিষ্ঠভাবে কাজ করার আগ্রহ ব্যক্ত করে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাবি রসায়ন বিভাগকে গবেষণার জন্য বৈজ্ঞানিক সরঞ্জামাদি দিয়ে সহায়তা করার জন্য প্রতিনিধিদল ও যুক্তরাষ্ট্র সরকারকে ধন্যবাদ জানান। তিনি বলেন, পারস্পরিক সহযোগিতামূলক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে।

ঢাবি রসায়ন বিভাগের সাথে যৌথ গবেষণা কার্যক্রমের অংশ হিসেবে প্রতিনিধিদল সম্প্রতি ঢাকা সফরে আসে। তাঁরা ঢাকা জেলার ধামরাই উপজেলার ইটের ভাটা থেকে নিঃসৃত কালোধোঁয়া দ্বারা পরিবেশের ক্ষতি নিরূপনে গবেষণা করছে।

স্প্যানিশ প্রতিনিধিদল

স্পেনের কমপোসটেলা সান্তিয়াগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মাসকুয়েরা-এর নেতৃত্বে চার সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৭ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করে।

প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয় ইনডিটেক্স চেয়ার, স্প্যানিশ ভাষা ও সংস্কৃতি-এর সমন্বয়ক আমপারো পোর্টা রিভাস, ইনডিটেক্স স্পেনের করপোরেট সোস্যাল রেসপনসিবিলিটি শাখার কার্লোস পাইনিইরো এনিরস এবং স্পেনের করোনা বিশ্ববিদ্যালয়ের ভাষাকেন্দ্রের পরিচালক মাউরো ফার্নান্দেজ রডিগেজ। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক সুলতান আহমদ এবং ইনডিটেক্স বাংলাদেশের সাপোর্ট কাস্টার পরিচালক রেজাউল করিম ভূইয়া উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্প্যানিশ ভাষা শিক্ষার অগ্রগতি পর্যালোচনা করেন। একই সাথে তাঁরা স্প্যানিশ ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে দেশে-বিদেশে বাংলাদেশি শিক্ষার্থীরা উন্নতমানের চাকুরির সুযোগ পেতে পারেন বলে মত প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয়ে আসার জন্য স্প্যানিশ প্রতিনিধিদলকে ধন্যবাদ জানান।

কোরিয়া প্রতিনিধিদল

কোরিয়া ইনস্টিটিউট অব ইনটিলেকচুয়াল প্রোপার্টি'র রিসার্চ ফেলো ড. হু ইন এর নেতৃত্বে ৪ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৯ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক-এর সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- ন্যাম সু কিউন, মুন বিউন হু এবং কিম কিউন মু।

সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশে মেধাস্বত্ব আইন উন্নয়নসহ পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট নানা ইস্যু নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কোরিয়া ইনস্টিটিউট অব ইনটিলেকচুয়াল প্রোপার্টি'র মধ্যে মেধাস্বত্ব আইন বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে শিগ্‌গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তাঁরা ঐকমত্য প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

যুক্তরাষ্ট্রের থিয়েটার প্রতিনিধিদল

যুক্তরাষ্ট্রের ফ্রাঙ্কলিন টাউনশিপ বোর্ড অব এডুকেশনের থিয়েটার শিক্ষক জেনিফার লিটলের নেতৃত্বে দুই-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২২ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন ব্রডওয়ে'র থিয়েটার শিক্ষক স্কট জ্যাকসন।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান সুদীপ চক্রবর্তী উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশে থিয়েটার এন্ড পারফরম্যান্স শিক্ষার উন্নয়ন নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের ফ্রাঙ্কলিন টাউনশিপ বোর্ড অব এডুকেশনের মধ্যে থিয়েটার বিষয়ক যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সম্পর্কে গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

ইউনিসেফ প্রতিনিধিদল

থাইল্যান্ডে অবস্থিত জাতিসংঘ শিশু তহবিল (ইউনিসেফ)-এর ইস্ট এশিয়া ও প্যাসিফিকের আঞ্চলিক অফিসের প্রোগ্রাম স্পেশালিস্ট ও নিউট্রিশন সিকিউরিটি প্রজেক্ট কো-অর্ডিনেটর ডরোথি ফুটে'র নেতৃত্বে দুই সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৪ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন ইউনিসেফ-এর ঢাকাস্থ কার্যালয়ের নিউট্রিশন স্পেশালিস্ট ড. এ. জে ফাদিয়া সুলতানা। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স (আইএনএফএস)-এর সাবেক পরিচালক ও সিলেকশন গ্রেড অধ্যাপক ড. গোলাম মওলা এবং এই ইনস্টিটিউটের বর্তমান পরিচালক অধ্যাপক ড. আলেয়া মওলা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা আন্তর্জাতিক ও বাংলাদেশ প্রেক্ষিতে পুষ্টি বিজ্ঞানের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। প্রতিনিধিদল এসময় জানায় যে, বাংলাদেশের ৪৩টি জেলায় দুস্থ শিশু ও মহিলাদের পুষ্টি উন্নয়নে তাঁরা কাজ করছে। এ ক্ষেত্রে তাঁরা ইউনিসেফে কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রাজুয়েটদের কর্মদক্ষতার প্রশংসা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বাংলাদেশের দুস্থ শিশু ও মহিলাদের পুষ্টি উন্নয়নে ইতিবাচক অবদান রাখার জন্য ইউনিসেফকে ধন্যবাদ জানান। বাংলাদেশ এবং ইউনিসেফের মধ্যে বিদ্যমান দ্বি-পাক্ষিক সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার ও গতিশীল হবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

জাপান ও ভারতীয় বিজ্ঞানী

ভারতের যাদবপুর ইউনিভার্সিটির অধ্যাপক উৎপল দে-এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৫ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন- জাপান এজেন্সি ফর মেরিন-আর্থ সায়েন্স এন্ড টেকনোলজি (জেমসটেক)-এর বিজ্ঞানী মাসাউকি তাকিগাওয়া ও প্রবীর পত্র।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কাউসার আহাম্মদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা বাংলাদেশে মেরিন সায়েন্স ও টেকনোলজি বিষয়ক শিক্ষার উন্নয়নসহ পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট নানা ইস্যু নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপান এজেন্সি ফর মেরিন-আর্থ সায়েন্স এন্ড টেকনোলজি (জেমসটেক)-এর মধ্যে মেরিন সায়েন্স বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

সুইডিশ বিশেষজ্ঞদল

সুইডিশ মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রি'র সিনিয়র কিউরেটর এবং স্টকহোম বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক সিভেন ও. কুলান্দার এর নেতৃত্বে দুই সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৬ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন সুইডিশ মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রি'র কিউরেটর মাইকেল নরেন। এসময় ঢাবি প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মো. আবদুর রব মোল্লা এবং একই বিভাগের সহকারী অধ্যাপক মো.মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা প্রাণিবিদ্যার বিভিন্ন ক্ষেত্রে যৌথ গবেষণা ও প্রকল্প বাস্তবায়নের ব্যাপারে আলোচনা করেন। এ সময় প্রাণিবিদ্যা বিষয়ে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য সুইডেনে বিভিন্ন কর্মসূচীর বিষয়েও আলোচনা করেন। প্রতিনিধিদল উল্লেখ করেন যে, যৌথ কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে উভয় পক্ষ প্রাণিবিদ্যা বিষয়ে গবেষণার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয়ে আসার জন্য এবং এর কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য প্রতিনিধিদলকে ধন্যবাদ জানান। যৌথ সহযোগিতামূলক কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে বিদ্যমান দ্বি-পাক্ষিক সম্পর্ক আরও জোরদার হবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

থাইল্যান্ডে অবস্থিত জাতিসংঘ শিশু তহবিল (ইউনিসেফ)-এর ইস্ট এশিয়া ও প্যাসিফিকের আঞ্চলিক অফিসের প্রোগ্রাম স্পেশালিস্ট ও নিউট্রিশন সিকিউরিটি প্রজেক্ট কো-অর্ডিনেটর ডরোথি ফুটে গত ২৪ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

যুক্তরাষ্ট্রের বিশিষ্ট পরিবেশ বিশেষজ্ঞ ও আরকাডিস (ARCADIS)-এর ডিপার্টমেন্ট ম্যানেজার ড. উজিয়েচ ঝোজুইচ এর নেতৃত্বে দুই সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৫ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করে।

যুক্তরাষ্ট্রের ফ্রাঙ্কলিন টাউনশিপ বোর্ড অব এডুকেশনের থিয়েটার শিক্ষক জেনিফার লিটলের নেতৃত্বে দুই-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২২ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

সুইডিশ মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রি'র সিনিয়র কিউরেটর এবং স্টকহোম বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক সিভেন ও. কুলান্দার এবং সুইডিশ মিউজিয়াম অব ন্যাচারাল হিস্ট্রি'র কিউরেটর মাইকেল নরেন গত ২৬ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সাথে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

স্পেনের কমপোসটেলা সান্তিয়াগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মাসকুয়েরা-এর নেতৃত্বে চার সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৭ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করে।

কোরিয়া ইনস্টিটিউট অব ইনটিলেকচুয়াল প্রোপার্টি'র রিসার্চ ফেলো ড. হু ইন এর নেতৃত্বে ৪ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৯ নভেম্বর ২০১৪ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক-এর সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনলাইন পত্রিকা DUTIMZ-এর উদ্যোগে এবং এআইএস(AIS)-এর সহযোগিতায় গত ২৪ নভেম্বর ২০১৪ বিজনেস স্টাডিজ অনুষদের কনফারেন্স হলে 'The IT Talk-Cloud Based Intelligence Approach for Information Sharing' শিরোনামে একটি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি জাতীয় সংসদের ডেপুটি স্পীকার ফজলে রাব্বি মিয়াকে ক্রেস্ট প্রদান করছেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। উক্ত অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন অধ্যাপক শিবলী রুবাইতুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের আইআইটি এর পরিচালক ড. কাজী মুহাইমিন-উস সাকীব এবং DUTIMZ-এর মডারেটর অধ্যাপক মফিজুর রহমান উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মূলবক্তা হিসাবে বক্তব্য রাখেন অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয়ের সিনিয়র লেকচারার ড. শাহ মিয়া।

শ্রেয়া গুহঠাকুরতা ও দেবর্ষী ভট্টাচার্য-এর সংগীতানুষ্ঠান

গত ১৫ নভেম্বর ২০১৪ সামাজিক বিজ্ঞান অনুষদের অধ্যাপক মোজাফ্‌ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে ইন্দিরা গান্ধী সাংস্কৃতিক কেন্দ্রের সহযোগিতায় ঢাবি সংগীত বিভাগ আয়োজিত 'কী রাগিনী বাজালে' শীর্ষক সংগীতানুষ্ঠান উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

মনোজ্ঞ এই অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন ভারতের প্রখ্যাত রবীন্দ্র সংগীত শিল্পী শ্রেয়া গুহঠাকুরতা এবং বিশিষ্ট শাস্ত্রীয় সংগীত শিল্পী দেবর্ষী ভট্টাচার্য। শ্রেয়া গুহঠাকুরতা রবীন্দ্রনাথের অপ্রচলিত প্রেম, পূজা ও প্রকৃতি পর্যায়ের কিছু গান পরিবেশন করেন। দেবর্ষী পরিবেশন করেন উচ্চাঙ্গের কিছু শাস্ত্রীয় সংগীত। দু'জনই শ্রোতামন্ডলীর প্রশংসা অর্জন করেন।

উদ্বোধনী বক্তৃতায় উপাচার্য শিল্পীদের ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বিশ্ববিদ্যালয়ের এই উদ্যোগের সাথে ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টারের সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার এবং সংগীত বিভাগের বিপুল সংখ্যক শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন। সংগীতানুষ্ঠান পরিচালনায় সহযোগিতা করেন সংগীত বিভাগের চেয়ারপার্সন

শামসুন নাহার হলে পুরস্কার বিতরণ অনুষ্ঠান

ঢাবি শামসুন নাহার হলে গত ২৭ নভেম্বর ২০১৪ বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। শামসুন নাহার হল প্রাধ্যক্ষ অধ্যাপক সাজেদা বানুর সভাপতিত্বে অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

সাংস্কৃতিক ক্যাটাগরিতে এককভাবে চ্যাম্পিয়ন হন বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের ৪র্থ বর্ষের ছাত্রী আফসানা ইসলাম তরী এবং রানার্স-আপ হন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্রী সঞ্চিতা দাশ তৃষা। অন্যদিকে, সাহিত্য বিভাগে যৌথভাবে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী সাইদা বিনতে আসাদ এবং ভূগোল ও পরিবেশ বিভাগের ৪র্থ বর্ষের ছাত্রী মৌসুমী দত্ত।

এছাড়া, অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

অ্যাডভোকেট মো. লুৎফর রহমান ট্রাস্ট ফান্ডের বৃত্তি প্রদান

ঢাবি আইন বিভাগের 'অ্যাডভোকেট মো. লুৎফর রহমান মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডে'র বৃত্তি প্রদান অনুষ্ঠান গত ২৩ নভেম্বর ২০১৪ উপাচার্য দফতরে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ২০১৩ শিক্ষাবর্ষে ১ম, ২য় ও ৩য় বর্ষ সম্মান পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য দরিদ্র ও মেধাবী তিনজন শিক্ষার্থী যথাক্রমে- সুজন শুঁড়ী, নুসরাত জাহান মুক্তা এবং মো. আবু বকর সিদ্দিককে বৃত্তির চেক প্রদান করেন।

বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. শাহনাজ হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে আইন অনুষদের ডিন অধ্যাপক ড. তাসলিমা মনসুর, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান এবং অ্যাডভোকেট মো. লুৎফর রহমানের ছেলে শরিফ মো. আদিলুর রহমান, মেয়ে অ্যাডভোকেট শরিফা সায়মা রহমান ও ড. শরিফা রুমানা রহমান, শ্যালক শরিফ মো. ওমর খালেদ এবং জামাতা কাজী আহমেদ পারভেজ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অত্যন্ত সম্মানজন এ বৃত্তি পাওয়ায় শিক্ষার্থীদের শুভেচ্ছা জানান এবং এ ধরণের উদ্যোগ গ্রহণের জন্য অ্যাডভোকেট মো. লুৎফর রহমানের পরিবারের সদস্যদের ধন্যবাদ জানান। তিনি বলেন, এ উদ্যোগ আইন বিভাগে অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদেরকে তাদের পড়াশোনায় মনোযোগী হতে উৎসাহিত করবে, যা পরবর্তীতে দেশের আইন পেশার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে।

স্যার জগদীশ চন্দ্র বসুর জন্ম ও মৃত্যু বার্ষিকী পালিত

উপমহাদেশের প্রখ্যাত বিজ্ঞানী স্যার জগদীশ চন্দ্র বসুর জন্ম ও মৃত্যু বার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড স্টাডিজ এন্ড রিসার্চ ইন বায়োলজিক্যাল সায়েন্সেস গত২২ নভেম্বর ২০১৪ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক সেমিনারের আয়োজন করে। সংস্কৃতি মন্ত্রণালয় এক্ষেত্রে আর্থিক সহযোগিতা প্রদান করে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সেমিনার উদ্বোধন করেন।

সেন্টার ফর এ্যাডভান্সড স্টাডিজ এন্ড রিসার্চ ইন বায়োলজিক্যাল সায়েন্সেসএর পরিচালক অধ্যাপক ড. মনিরুজ্জামান খন্দকারের সভাপতিত্বে সেমিনারে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। স্যার জগদীশ চন্দ্র বসুর জীবন ও কর্মের ওপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাবি পদার্থ বিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. অজয় রায় এবং কোলকাতার বোস ইনস্টিটিউটের অধ্যাপক ড. এ. এন. লাহিড়ী মজুমদার। স্বাগত বক্তব্য দেন জীববিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক 'স্যার জগদীশ চন্দ্র বসু'র স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি একাধারে পদার্থবিজ্ঞানী, প্রাণিবিজ্ঞানী, উদ্ভিদবিজ্ঞানী, শিল্পী ও সাহিত্যিক ছিলেন। তিনিই প্রথম রেডিও ওয়্যারলেস, আলোকবিদ্যা সদৃশ মাইক্রোওয়েভ এবং উদ্ভিদ বৃদ্ধি মাপক যন্ত্র 'ক্রেসকোগ্রাফ' আবিস্কার করেন। তাঁর গবেষণা থেকেই আমরা জেনেছি 'গাছের প্রাণ আছে'। উপাচার্য 'জগদীশ চন্দ্র বসু'র জীবন ও কর্মের সঙ্গে নতুন প্রজন্মের শিক্ষার্থীদের পরিচয় ঘটাতে তাঁর বিজ্ঞান বিষয়ক প্রবন্ধসমূহ পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তির আহ্বান জানান। তিনি বলেন, একটি দেশের সঙ্গে অন্য দেশের ভৌগলিক বিভাজন থাকতে পারে, কিন্তু শিক্ষা, সাহিত্য, বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণার ক্ষেত্রে কোন ভৌগলিক বিভাজন নেই। তিনি বিষয় কেন্দ্রিক খন্ডিত গবেষণা না করে সমন্বিত দৃষ্টিভঙ্গির মাধ্যমে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গবেষকদের প্রতি আহ্বান জানান। এ লক্ষ্যে তিনি আন্তঃবিভাগ ও আন্তঃঅনুষদ মতবিনিময় এবং পারস্পরিক যোগাযোগ বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। উপাচার্য নতুন কিছু আবিস্কার করতে নতুনকিছুর স্বপ্ন দেখার জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান।

উলেখ্য, স্যার জগদীশ চন্দ্র বসু ১৮৫৮ সালের ৩০ নভেম্বর বাংলাদেশের বিক্রমপুরে জন্মগ্রহণ করেন এবং ১৯৩৭ সালের ২৩ নভেম্বর ভারতে পরলোক গমন করেন।

ঢাবি এবং ইওয়াতে বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

শিক্ষা ও গবেষণা কার্যক্রম উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদ এবং জাপানের ইওয়াতে বিশ্ববিদ্যালয়ের মধ্যে গত ২৬ নভেম্বর ২০১৪ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক এবং ইওয়াতে বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. মাতসু উইমুরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, অণুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. মাহমুদা ইয়াসমীন, মৎস্য বিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন মিসেস ওয়াহিদা হক এবং ইওয়াতে বিশ্ববিদ্যালয়ের সহযোগী প্রশাসক কাতসুনোরি সাসাকি উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইওয়াতে বিশ্ববিদ্যালয় যৌথভাবে সেমিনার, প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করবে। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয় ছাত্র, শিক্ষক, গবেষক, একাডেমিক তথ্য ও গবেষণা উপাত্ত বিনিময় করবে।

গত ২৯ অক্টোবর ২০১৪ সিনেট ভবন চত্বরে বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল এবং বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের ছাত্রীদের ব্যবহারের জন্য ৩২-আসনের নতুন দু'টি মিনিবাস উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক হল দু'টির কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন। এ সময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের প্রভোস্ট অধ্যাপক ড. মুবিনা খন্দকার এবং বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. সাবিতা রেজওয়ানা রহমান উপস্থিত ছিলেন।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), সহকারী সম্পাদক: আনোয়ারুল আজিম, প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত।